দৈনিক বাংলা | ১

তারিখ ...30 OCT 1995 ...
পৃঃ ... ১ ... কলাম ... ২ ...

## ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের উদ্বেগ

# রাজধানীর স্কুলগুলিতে এ সপ্তাহে টেস্ট ও বার্ষিক পরীক্ষা শুরু

সুনীল ব্যানার্জি : রাজধানী ঢাকা শহরের অধিকাংশ হাইস্কুলে চলতি সপ্তাহ থেকে দশম শ্রেণীর টেস্ট পরীক্ষা শুরু হচ্ছে। গবর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুলসহ নামকরা হাইস্কুলে প্রায় একই সময় অন্যান্য ক্লাসের বার্ষিক পরীক্ষা শুরু হবে। কোন কোন স্কুলে এসব পরীক্ষা শুক্রবারেও নেয়া হবে।

হরতাল অবরোধের কারণে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এই ব্যবস্থা গ্রহণ করেছে। আগে সাধারণত এসব পরীক্ষা নবেম্বর মাসের শেষার্ধে অথবা ডিসেম্বর মাসের প্রথমার্ধে শুরু হতো। হরতাল-অবরোধে ছাত্র-ছাত্রীদের পড়াশুনা ব্যাহত হওয়ায় তা পুষিয়ে নেবার জন্য কয়েকটি স্কুল কর্তৃপক্ষ স্কুলের সাপ্তাহিক ছুটি বাতিল করে দিয়েছে।

পরীক্ষা এগিয়ে আনার কারণে সংশ্লিষ্ট স্কুলের প্রশাসনিকসহ বিভিন্ন কাজকর্ম বেড়ে গেছে। প্রশ্নপত্র তৈরি, সুষ্ঠুভাবে ছাত্র-ছাত্রীদের পরীক্ষা নেয়া এবং নির্ধারিত সময়ের মধ্যে রেজাল্ট দেয়া ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষক কর্মকর্তা-কর্মচারীরা এখন খুবই ব্যস্ত। এ জন্যে অনেককে রাত জেগে স্কুলের কাজকর্ম করতে হচ্ছে। রাজধানী ঢাকা শহরে ২৪টি সরকারী হাইস্কুলসহ অর্ধ শতাধিক হাইস্কুল রয়েছে। এসব স্কুলে লক্ষাধিক ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে।

ঢাকা শহরের নামকরা স্কুলে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের কয়েকজন অভিভাবক জানান, প্রস্তুতি ছাড়াই হঠাৎ বার্ষিক ও দশম শ্রেণীর টেস্ট পরীক্ষা শুরুর ঘোষণায় ছাত্র-ছাত্রীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। সঙ্গে অভিভাবকদের মধ্যেও।

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## রাজধানীর স্কুলগুলিতে এ সপ্তাহে টেস্ট ও বার্ষিক পরীক্ষা শুরু

অনেকের কাছে এটা উদ্বেগের বিষয়। এতো স্বল্প সময়ের মধ্যে কিভাবে ছাত্র-ছাত্রীরা পরীক্ষা দেবে এটাই চিন্তার বিষয়। হরতালের কারণে ছাত্র-ছাত্রীদের পড়াশুনার যে ক্ষতি হয়েছে তার খেসারত দেবে কে?

ঢাকা শহরের কয়েকটি নামকরা স্কুলের প্রধান শিক্ষকরা জানান : হরতাল-অবরোধ ও বিশৃংখলার কারণে যাতে ছাত্র-ছাত্রীরা পড়াশুনায় পিছিয়ে না যায় সর্বোপরি সেশনজটের সম্মুখীন হতে না হয় সে জন্য এ ব্যবস্থা নেয়া হয়েছে। তাঁরা জানান : নগরীর নামকরা স্কুলগুলোর প্রধান শিক্ষকরা একে অপরের সঙ্গে পরামর্শ করে চলতি সপ্তাহ থেকে এসব পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছেন। এতে ছাত্র-ছাত্রীদের সঙ্গে শিক্ষক অভিভাবকদেরও টেনশন বেড়েছে। কিন্তু এছাড়া উপায় কি?

গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের প্রধান শিক্ষক হাবিবুল্লাহ খানের সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন, তার স্কুলে ২ নবেম্বর বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে প্রথম থেকে চতুর্থ শ্রেণীর বার্ষিক পরীক্ষা। সেই সঙ্গে দশম শ্রেণীর টেস্ট পরীক্ষাও। সময় স্বল্পতার জন্য অনেক পরীক্ষা শুক্রবারও নেয়া হবে। এরপর নেয়া হবে পঞ্চম থেকে নবম শ্রেণীর পরীক্ষা। এর ওপর ডিসেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ করার নির্দেশ দেয়া হয়েছে। কাজেই তার অন্তত ১ সপ্তাহ আগে যাতে সংশ্লিষ্ট ছাত্ররা রেজাল্ট জানতে পারে তার ব্যবস্থা করতে হবে। এরপর রয়েছে ১৬ থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত স্কুলগুলিতে ছুটি। মাধ্যমিক শিক্ষা পরিদফতর থেকে এই ছুটির তালিকা দেয়া হয়েছে। প্রতি বছর এই ছুটি উদযাপন করা হয়।

মোহাম্মদপুর গবর্নমেন্ট, আইডিয়াল, ভিকারুন্নেছা, মতিঝিল মডেল হাইস্কুল, মতিঝিল গবঃ হাইস্কুলসহ রাজধানীর অধিকাংশ হাইস্কুল প্রায় অনরূপ পরীক্ষার কর্মসূচী নিয়েছে।